

কুবির ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ, ৩ ইউনিটে পাস ১৭ শতাংশ

নিজস্ব প্রতিবেদক, কুমিল্লা

১২ নভেম্বর ২০১৯, ২১:২১

আপডেট: ১২ নভেম্বর ২০১৯, ২১:২৮




কুমিল্লা বিশ্ববিদ্যালয়, ফাইল ছবি।

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) ২০১৯-২০
শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি
পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। আজ
মঙ্গলবার বিকেলে এই ফলাফল ঘোষণা করা হয়।

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারীদের মধ্যে ‘এ’
(বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ) ইউনিটের পরীক্ষায় ৪
হাজার ১১৫ জন, ‘বি’ (কলা, সামাজিক বিজ্ঞান ও

আইন অনুষদ) ইউনিটে ৩ হাজার ২১৮ জন এবং ‘সি’ (ব্যবসায় শিক্ষা অনুষদ) ইউনিটে ৯৭৪ জন পাস করেছেন। ‘এ’
ইউনিটে পাসের হার ২৪ শতাংশ, ‘বি’ ইউনিটে ১৬ শতাংশ এবং ‘সি’ ইউনিটে ১১ শতাংশ। এতে তিন ইউনিটে গড়
পাসের হার ১৭ শতাংশ।

বিশ্ববিদ্যালয়ের সম্মেলনকক্ষে আজ মঙ্গলবার বিকেলে সংবাদ সম্মেলনের মাধ্যমে এ ফলাফল প্রকাশ করেন
বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) ও ভর্তি পরীক্ষা কমিটির সদস্যসচিব মো. আবু তাহের।



২৪ ও ২৫ নভেম্বর ভর্তি পরীক্ষায় পাস করা শিক্ষার্থীদের মধ্য থেকে ইউনিট অনুযায়ী সাক্ষাত্কার নেওয়া হবে। ২৬ নভেম্বর থেকে আগামী ৫ ডিসেম্বর পর্যন্ত (শুক্র ও শনিবার ব্যতীত) বিভাগগুলোয় ভর্তি কার্যক্রম চলবে। এবার ১৯টি বিভাগে শিক্ষার্থী ভর্তি করানো হবে। এ ছাড়া নতুন শিক্ষাবর্ষের ক্লাস শুরু হবে আগামী ১ জানুয়ারি।

বিশ্বিদ্যালয়ের ২০১৯-২০ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার ইউনিটভিত্তিক ফলাফল, সাক্ষাত্কারসহ বিভিন্ন বিষয়ে বিশ্বিদ্যালয়ের ওয়েবসাইটে (www.cou.ac.bd) ও হেল্পলাইন ০১৫৫৭৩৩০৩৮১, ০১৫৫৭৩৩০৩৮২-এ জানা যাবে।

কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটির সদস্যসচিব মো. আবু তাহের বলেন, ‘গত শুক্র ও শনিবার ভর্তি পরীক্ষা হয়। আমরা দুই দিন পরেই ফল ঘোষণা করি।’

উল্লেখ্য, ৮ ও ৯ নভেম্বর এই ৩ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এ শিক্ষাবর্ষে ‘এ’ ইউনিটে সাতটি বিভাগে মোট ৩৫০টি আসনে ভর্তির জন্য ২৬ হাজার ৯৭৫ জন, ‘বি’ ইউনিটে আটটি বিভাগে ৪৫০টি আসনের বিপরীতে ২৮ হাজার ২৯৫ জন এবং ‘সি’ ইউনিটে চারটি বিভাগে ২৪০টি আসনের বিপরীতে ১২ হাজার ৮০৭ জন শিক্ষার্থী আবেদন করেন, যেখানে ভর্তি পরীক্ষায় ‘এ’ ইউনিটে মোট ১৭ হাজার ৪৩৪ জন, ‘বি’ ইউনিটে ২০ হাজার ৩০৪ জন এবং ‘সি’ ইউনিটে ৮ হাজার ৯৭৯ জন শিক্ষার্থী উপস্থিত ছিলেন।